



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া  
বখশিবাজার, ঢাকা-১২১১



website : [www.dhkgovmalia.edu.bd](http://www.dhkgovmalia.edu.bd), E-mail : [malia1780dhaka@gmail.com](mailto:malia1780dhaka@gmail.com)

তারিখ : ০৬/০৩/২০২২ খ্রি.

## নোটিশ

এতদ্বারা সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা-এর সকল শ্রেণির শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যথাযোগ্য মর্যদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০২তম শুভ জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষে আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও দোয়া মাহফিলের বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহীদের নিম্নোক্ত নিয়মানুযায়ী অংশগ্রহণ করার জন্য নির্দেশ দেয়া হলো।

### ০১। প্রতিযোগিতার বিষয় :

- ক) কুরআন তিলাওয়াত। ক. বিভাগ ও খ. বিভাগ।
- খ) হামদ ও নায়াত। ক.বিভাগ ও খ.বিভাগ।
- গ) রচনা প্রতিযোগিতা। ক.বিভাগ ও খ.বিভাগ।

### ০২। শ্রেণিভিত্তিক বিভাগ :

- ক. বিভাগ : দাখিল ৭ম থেকে আলিম ২য় বর্ষ।
- খ. বিভাগ : ফায়িল (স্নাতক) পাস ও অনার্স থেকে কামিল (স্নাতকোত্তর) এম.এ ও মাস্টার্স।

### ০৩। রচনার বিষয় :

- ক.বিভাগ : জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ছেলেবেলা।
- খ. বিভাগ : জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর যৌবনে মানবকল্যাণ।

### ০৪। অংশগ্রহণের নিয়মাবলী :

কুরআন তিলাওয়াত ও হামদ নায়াত প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহীদের আগামী ১৪/০৩/২০২২ তারিখের মধ্যে উপাধ্যক্ষ মহোদয়ের অফিসে নাম এন্ট্রি করতে হবে। একই তারিখের মধ্যে লিখিত রচনা একই স্থানে জমা দিতে হবে। আগামী ১৬/০৩/২০২২ তারিখ বুধবার সকাল ০৮:০০ ঘটিকায় মাদ্রাসা অডিটোরিয়ামে কুরআন তিলাওয়াত ও হামদ নায়াত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে এবং ১৭ই মার্চ, ২০২২ বৃহস্পতিবার বিজয়ীদের পুরস্কার বিতরণ করা হবে।

(প্রফেসর মোঃ আলমগীর রহমান)

আইডি নং-০৬০৪

অধ্যক্ষ

সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।